

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সালাত আদায়

আরবী

عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ قَالَ: «كُنَّا نُصلِّي الْعَصْرَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ تُنْحَرُ الْجَزُورُ فَتُقْسَمُ عَشْرَ قِسَمٍ ثُمَّ تُطْبَخُ فَنَأْكُلُ لَحْمًا نَضِيجًا قَبْلَ مَغِيبِ الشَّمْس» تُنْحَرُ الْجَزُورُ فَتُقْسَمُ عَشْرَ قِسَمٍ ثُمَّ تُطْبَخُ فَنَأْكُلُ لَحْمًا نَضِيجًا قَبْلَ مَغِيبِ الشَّمْس»

বাংলা

৬১৫-[২৯] রাফি' ইবনু খদীজ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে 'আসরের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার পর উট যাবাহ করতাম। এ উট ছাড়িয়ে দশ ভাগ করা হতো, তারপর রান্না করা হতো। আর আমরা রান্না করা এ মাংস (মাংস/গোসত) সূর্যান্তের আগে খেতাম। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৪৮৫, মুসলিম ৬২৫, আহমাদ ১৭২৭৫, সহীহ ইবনু হিব্বান ১৫১৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বর্ণিত হাদীস হতে স্পষ্টতই বুঝা যায়, 'আসরের সালাতের পর হতে সূর্যাস্ত পর্যন্ত কত লম্বা সময় থাকে। কারণ একটা উট যাবাহ করা হতে বিলিবণ্টন ও রান্না করে খেতে যথেষ্ট সময় লাগে। এটা পরিষ্কার হয় যে, 'আসরের সালাত (সালাত/নামায/নামাজ) এর প্রথম ওয়াক্তে আদায় করা হতো। এ হাদীস 'আসরের সালাতকে ওয়াক্ত হবার সাথেই আদায় করা শারী 'আতসম্মত হওয়ার দলীল। এটাই জমহূর 'আলিমগণের দলীল। এ হাদীস ইমাম আবূ হানীফার ঐ কথাকে খণ্ডন করে যেখানে তিনি 'আসরের ওয়াক্ত কোন বস্তুর ছায়া দ্বিগুণ হওয়ার সময় বুঝিয়েছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55172}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন